ইত্তেফাক

তারিখ 24/2/82
পৃষ্ঠা ... কলাম ...

৬৬০

124

## প্রসংগঃ মীরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরী ইনষ্টিটিউট

গত ১৬ই জানুয়ারী '৮২ তারিখে দৈনিক ইত্তেফাকের চিঠি-পত্র কলামে মীরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরী ইনষ্টিটিউটে অভিজ্ঞ শিক্ষিকা নিয়োগ এবং শিক্ষার মান উন্নয়নের জন্য স্কুল কর্তৃপক্ষের নিকটে আকুল আবেদন করিয়াছিলাম। এই আবেদনের প্রেক্ষিতে স্কুল কর্তৃপক্ষ কোন পদক্ষেপ গ্রহণ করিয়াছেন এমন কোন লক্ষণ আপাতঃদৃষ্টিতে দেখা যাইতেছে না। বরং অত্যন্ত দুঃখের সংগে বলিতে হয় যে, অবস্থার আরো অবনতি ঘটিয়াছে। গত ২০শে জানুয়ারী হইতে নিয়মিত ক্লাস নেওয়া হইতেছে না। ছাত্র-ছাত্রীরা নিয়মিত স্কুলে যায়। কোনদিন ২/৩টি পিরিয়ড নেওয়া হইলেও অংক কিংবা অন্য কোন পাঠ্য পুস্তকের পড়া ক্লাসে পড়ানো কিংবা বুঝাইয়াও দেওয়া হয় না। হোম টাস্ক দিয়াই অধিকাংশ শিক্ষিকাগণ তাহাদের উপর ন্যস্ত দায়িত্ব পালন করিতেছেন। ক্লাসে পড়া বুঝাইয়া দেওয়ার সময়ইবা কোথায়? অধিকাংশ শিক্ষিকা এখনো ছাত্র-ছাত্রী ভর্তি কিংবা মাসিক ফী আদায় করার কাজেই সর্বক্ষণ ব্যস্ত। ইহাছাড়া প্রায় প্রতিদিনই কোন কোন শিক্ষিকা কাজে অনুপস্থিত কিংবা ছুটিতে থাকেন। নিয়মিত ক্লাস না নেওয়ার ফলে ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার যথেষ্ট ক্ষতি হইতেছে। এদিকে বৎসরের প্রায় ২ মাস চলিয়া যাইতেছে।

কর্তৃপক্ষের নিকট পুনরায় আকুল আবেদন, বিপুল অর্থব্যয়ে প্রতিষ্ঠিত স্কুলটির শৃংখলা, শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরাইয়া আনার জন্য সৎ ও অভিজ্ঞ শিক্ষিকা নিয়োগ এবং শিক্ষার মান উন্নয়নের জন্য সাপ্তাহিক ও মাসিক পরীক্ষা প্রবর্তন করা হউক।

—এস, এস, হুদা, পাইকপাড়া মীরপুর, ঢাকা।